

## মুখ্তাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ৪২২ [আন্তর্জাতিক নাম্বারঃ ৭৪৩]

১০. কিতাবুল আযান (ক্ষতি)

পরিচ্ছেদঃ নামাযী তাকবীরে তাহরীমার পর কী বলবে?

بَابِ مَا يَقُولُ بَعْدَ التَّكْبِيرِ

আরবী

..... عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ : أَنَّ النَّبِيَّ وَأَبَا بَكْرٍ وَعُمَرَ رَضِيَ اللَّهُ عَنْهُمَا كَانُوا يَفْتَحُونَ الصَّلَاةَ بِ: ﴿الْحَمْدُ لِلَّهِ رَبِّ الْعَالَمِينَ﴾

বাংলা

৪২২) আনাস (রাঃ) বলেনঃ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আবু বকর এবং উমার (রাঃ) “আলহামদু লিল্লাহি রাবিল আলামীন” বলে নামায শুরু করতেন।

টিকাঃ “আলহামদু লিল্লাহি রাবিবল আলামীন” বলে নামায শুরু করতেন। তবে কথাটির অর্থ এ নয় যে, তিনি বিসমিল্লাহির রাহমানির রাহীম একেবারেই পড়তেন না; বরং তিনি বিসমিল্লাহ নিরবে পাঠ করতেন। অন্যান্য বর্ণনায় এসেছে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বিসমিল্লাহ নিরবে পাঠ করতেন। বিসমিল্লাহ আওয়াজ করে পড়ার পক্ষেও দলীল রয়েছে। তবে উক্ত দলীলগুলোর তুলনায় নিরবে বিসমিল্লাহ পড়ার দলীলগুলো অধিক শক্তিশালী। স্বরবে বিসমিল্লাহ পড়ে নামায আদায় করলে নামাযের কোন ক্ষতি হবে না।

## English

What to say after the Takbir

Narrated Anas bin Malik:

The Prophet, Abu Bakr and `Umar used to start the prayer with "Al hamdu li I-lahi Rabbi I` alamin (All praise is but to Allah, Lord of the Worlds).

হাদিসের মান: সহিহ (Sahih) পুঁজিনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী □ বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=89720>

১ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন